২৫ নভেম্বর

দৈনিক বাংলা

তারিখ 25 NOV 1992
পৃষ্ঠা ৮ কলাম ৩

144

# শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত রাখুন ঃ মোস্তাফিজ

বুয়েটরিপোর্টার ঃ পররাষ্ট্রমন্ত্রী এ এস এম মোস্তাফিজুর রহমান ছাত্রদের সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন বজায় রাখার জন্য বুয়েট ছাত্রদের প্রতি আহবান জানান। তিনি মঙ্গলবার সন্ধ্যায় ইউকসু নির্বাচন উপলক্ষে ছাত্রদলের প্যানেল পরিচিতি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। মঙ্গলবার সন্ধ্যায় বুয়েট ক্যাফেটেরিয়া চত্বরে এই প্যানেল পরিচিতি সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন যোগাযোগ প্রতিমন্ত্রী ফজলুর রহমান, ঢাকা সিটি কর্পোরেশনের মেয়র মির্জা আব্বাস, বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক এডভোকেট মুজিবুর রহমান, ডাকসু ভিপি আমানউল্লাহ আমান প্রমুখ। সভাপতিত্ব করেন ইউকসুর জিসি কাজী ফজলুল করিম।

পররাষ্ট্রমন্ত্রী মোস্তাফিজুর রহমান আরও বলেন, আমাদের রাজনীতি আপোসহীন রাজনীতি, তিনি বলেন, এখনও কেউ কেউ রাতের অন্ধকারে আঁতাত করার জন্য বসে আছে।

ফজলুর রহমান বলেন, পাকিস্তানের কাছ থেকে সম্পদ ফিরিয়ে দেবার দাবী জানানোর পাশাপাশি আওয়ামী লীগের উচিত '৭১-এর ১৬ ডিসেম্বরের পর ভারতের নিয়ে যাওয়া সম্পদ ও অস্ত্রশস্ত্র ফিরিয়ে দেয়ার দাবী জানানো।

প্যানেল পরিচিতি অনুষ্ঠান শেষে ব্যান্ড সঙ্গীত পরিবেশন করে সোলস। ব্যান্ড সঙ্গীতের শুরুতেই অনুষ্ঠান মঞ্চের পেছন দিকে এস এম হলের সামনের রাস্তায় ৪/৫ রাউন্ড ফাঁকা গুলি ও ককটেল বিস্ফোরিত হয়। এতে দর্শকরা ভীত হয়ে ছোটাছুটি শুরু করলে যন্ত্রপাতির সংযোগ ছিঁড়ে যায়। ব্যান্ড অনুষ্ঠানে বিঘ্ন ঘটে। আজ বুধবার সকাল এগারটায় আবার ব্যান্ড অনুষ্ঠানের ঘোষণা দেয়া হয়।

প্রকৌশল বিশ্ববিদ্যালয় ছাত্রদলের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, বিগত তিনটি ইউকসু নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের নিরঙ্কুশ বিজয় এক আসন্ন নির্বাচনে ছাত্রদলের বিজয় সুনিশ্চিত জেনে কয়েক দিন যাবত ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনা ঘটছে। ছাত্রদল মনোনীত তৌহিদ-টুটুল পরিষদের পরিচিতি অনুষ্ঠান শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান ভন্ডুল করার লক্ষ্যে আওয়ামী বাকশালী চক্র সুষ্ঠু এবং শান্তিপূর্ণ অনুষ্ঠানে নির্লজ্জ হামলা চালায়। আমরা এই সন্ত্রাসী ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছি এবং সাধারণ ছাত্রছাত্রীদের এই সন্ত্রাসীদের প্রতিহত করার জন্য আহবান জানাচ্ছি।